রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬

## প্রজ্ঞাপন

তারিখ : ০৫ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৭১-আইন/২০১৮।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন 'এলুমিনিয়াম এন্ড এনামেল' শিল্প সেক্টরের, অতঃপর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত, শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত, নিম্নের তপশিল 'ক', 'খ' ও 'গ' তে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, উক্ত সেক্টরের শ্রমিকদের জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা :—

### তপশিল 'ক'
### এলুমিনিয়াম বিভাগ
### মাসিক মজুরীর হার

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৫০%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ :**<br>১। ফোরম্যান<br>২। ইলেকট্রিক সুপারভাইজার<br>৩। স্পিনার্স (৩০" হইতে ২৩" পর্যন্ত) | ৯৮০০/- | ৪৯০০/- | ৮০০/- | ৪০০/- | ১৫৯০০/- |



মূল্য : টাকা ৮.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ২। | দক্ষ-১ :<br>১। লেদম্যান/টার্নার<br>২। ফিটারম্যান<br>৩। ইলেকট্রিশিয়ান<br>৪। ইঞ্জিন ড্রাইভার<br>৫। কার্পেন্টার<br>৬। রাজমিস্ত্রী<br>৭। কর্মকার<br>৮। ড্রাইভার<br>৯। ডাইমেকার/ ফর্মাম্যান<br>১০। ওয়েল্ডার<br>১১। স্পিনার্স (২২" হইতে ১৭" পর্যন্ত)<br>১২। মোল্ডার/গালাই মিস্ত্রী<br>১৩। রোলারম্যান<br>১৪। হেড মিস্ত্রী | ৭৮০০/- | ৩৯০০/- | ৮০০/- | ৪০০/- | ১২৯০০/- |
| ৩। | দক্ষ-২ :<br>১। স্পিনার্স (১৬" হইতে ১৩" পর্যন্ত)<br>২। তাপাই মিস্ত্রী<br>৩। পলিশম্যান/পলিশ মিস্ত্রী | ৬৬২০/- | ৩৩১০/- | ৮০০/- | ৪০০/- | ১১১৩০/- |
| ৪। | আধা-দক্ষ<br>১। সার্কেল কাটার/ সিজারম্যান<br>২। সহকারী ফিটার<br>৩। সহকারী মোল্ডার<br>৪। সহকারী ইঞ্জিন ড্রাইভার<br>৫। স্পিনার্স (১২" হইতে ৮" পর্যন্ত)<br>৬। সহকারী পলিশম্যান/ সহকারী পলিশ মিস্ত্রী<br>৭। সহকারী রোলারম্যান<br>৮। সহকারী টার্নার<br>৯। ধোলাই মিস্ত্রী<br>১০। সহকারী তাপাই মিস্ত্রী | ৫৭৫০/- | ২৮৭৫/- | ৮০০/- | ৪০০/- | ৯৮২৫/- |
| ৫। | অদক্ষ<br>১। সকল হেলপার<br>২। সাধারণ শ্রমিক | ৫০০০/- | ২৫০০/- | ৮০০/- | ৪০০/- | ৮৭০০/- |

- শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :

(ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস;

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ একজন শ্রমিকের কাজে সন্তুষ্ট না হইলে তাহার শিক্ষানবিশিকাল আরও ৩(তিন) মাস বৃদ্ধি করিতে পারিবে;

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষনিবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তপশিল 'খ'
## এনামেল বিভাগ
## মাসিক মজুরীর হার

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৫০%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | উচ্চতর-দক্ষ :<br>১। ফোরম্যান<br>২। কেমিস্ট<br>৩। ইলেট্রিক সুপারভাইজার | ৯৮০০/- | ৪৯০০/- | ৮০০/- | ৪০০/- | ১৫৯০০/- |
| ২। | দক্ষ-১ :<br>১। লেদম্যান/টার্নার<br>২। ফিটারম্যান<br>৩। ইলেকট্রিশিয়ান<br>৪। ইঞ্জিন ড্রাইভার<br>৫। কার্পেন্টার<br>৬। রাজমিস্ত্রী/মিস্ত্রী<br>৭। কর্মকার<br>৮। ড্রাইভার<br>৯। ওয়েল্ডার<br>১০। ডাই মেকার/ ফর্মাম্যান<br>১১। সহকারী ফোরম্যান (সরাসরি)<br>১২। ফায়ারম্যান (সরাসরি)<br>১৩। জুনিয়র কেমিষ্ট | ৭৮০০/- | ৩৯০০/- | ৮০০/- | ৪০০/- | ১২৯০০/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৩। | দক্ষ-২ :<br>১। রোলিং ম্যান<br>২। কোটিং ম্যান<br>৩। বিডিং ম্যান<br>৪। ফায়ারম্যান (পরোক্ষ)<br>৫। প্রেসম্যান | ৬৬২০/- | ৩৩১০/- | ৮০০/- | ৪০০/- | ১১১৩০/- |
| ৪। | আধা-দক্ষ :<br>১। সহকারী ফিটার<br>২। সহকারী ইঞ্জিন ড্রাইভার<br>৩। সহকারী রোলিং ম্যান<br>৪। সহকারী টার্নার<br>৫। সহকারী কাটিং ম্যান<br>৬। সহকারী ধোলাই মিস্ত্রী<br>৭। বেকারম্যান<br>৮। সহকারী বিডিং ম্যান<br>৯। সহকারী ডাইমেকার<br>১০। সহকারী ফায়ারম্যান<br>১১। ডিপার<br>১২। সহকারী প্রেসম্যান<br>১৩। রেস্কিং মান<br>১৪। পিকলিং মিস্ত্রী | ৫৭৫০/- | ২৮৭৫/- | ৮০০/- | ৪০০/- | ৯৮২৫/- |
| ৫। | অদক্ষ :<br>১। সকল হেলপার<br>২। সাধারণ শ্রমিক | ৫০০০/- | ২৫০০/- | ৮০০/- | ৪০০/- | ৮৭০০/- |

- শিক্ষানবিশি শ্রমিকের ক্ষেত্রে :

(ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ একজন শ্রমিকের কাজে সন্তুষ্ট না হইলে তাহার শিক্ষানবিশকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করিতে পারিবে:

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশি শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসেবে নিযুক্ত হইবেন।

তপশিল "গ"

কর্মচারীগণের মাসিক মজুরীর হার

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৫০%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | গ্রেড-১ :<br>১। হিসাবরক্ষক<br>২। স্টোর কিপার | ৭৮০০/- | ৩৯০০/- | ৮০০/- | ৪০০/- | ১২৯০০/- |
| ২। | গ্রেড-২ :<br>১। সহকারী হিসাবরক্ষক<br>২। স্টোর এসিসট্যান্ট<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। টাইম কিপার<br>৫। টাইপিস্ট<br>৬। ক্লার্ক<br>৭। ড্রাইভার | ৬৬২০/- | ৩৩১০/- | ৮০০/- | ৪০০/- | ১১১৩০/- |
| ৩। | গ্রেড-৩ :<br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইট গার্ড<br>৪। মালি<br>৫। সুইপার/ক্লিনার | ৫০০০/- | ২৫০০/- | ৮০০/- | ৪০০/- | ৮৭০০/- |

- শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :

    (ক) শিক্ষানবিশিকাল ০৬ (ছয়) মাস;

    (খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা প্রাপ্ত হইবেন; এবং

    (গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

শর্তাবলি :

১। তপশিল 'ক', 'খ' ও 'গ' তে উল্লিখিত নিম্নতম মজুরীর হার সমগ্র বাংলাদেশের 'এলুমিনিয়াম এন্ড এনামেল' শিল্প সেক্টরের সকল শ্রেণির শ্রমিকগণের জন্য প্রযোজ্য হইবে;

২। তপশিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ উক্ত সেক্টরে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত হইবে;

৩। তপশিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে;

৪। কোনো শ্রমিকের বর্তমানে প্রাপ্ত মজুরীর সহিত এই প্রজ্ঞাপনে উল্লিখিত মজুরী যোগ করিয়া নূতনভাবে মজুরী নির্ধারণ করিতে হইবে;

৫। কোনো শ্রমিককে তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না;

৬। এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস ও শ্রেণিবিভাগ অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ গ্রেডে সন্নিবেশিত করিয়া তাহার প্রাপ্য মজুরী রেজিস্টারভুক্ত করিয়া মজুরী স্লিপ প্রদান করিবেন;

৭। উক্ত সেক্টরের কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদান করা হইলে উহা কোনোক্রমেই হ্রাস করা যাইবে না;

৮। উক্ত সেক্টরের শ্রমিকগণ এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরী নির্ধারণ ও প্রদান করা যাইবে;

৯। কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে উক্ত সেক্টরে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' হিসাবে গণ্য হইবেন। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোনোক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না। উক্ত সেক্টরের কোনো শ্রমিক ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরী প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

১০। উক্ত সেক্টরের শ্রমিক সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

১১। উক্ত সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরণ ভিত্তিক (Piece Rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তাহা হইলে এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিককে নির্দিষ্ট গ্রেডভুক্ত করিয়া নির্ধারিত নিম্নতম মজুরী প্রদান করিতে হইবে;

১২। নির্ধারিত নিম্নতম মজুরী ও ভাতাদি ছাড়াও যদি উক্ত সেক্টরের কোনো শ্রমিক অব্যাহতভাবে কোনো অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা হইলে উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক ধারাবাহিকভাবে বলবৎ ও অব্যাহত থাকিবে;

১৩। উক্ত সেক্টরের শ্রমিকগণ এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে প্রতি বৎসর মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ ভাগ) হারে বার্ষিক মজুরী বৃদ্ধির সুবিধা পাইবেন এবং সংশ্লিষ্ট মালিক উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন;

১৪। উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

১৫। উক্ত সেক্টরের মালিক যদি কোনো শ্রমিকের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিকের ক্ষেত্রে বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না; এবং

১৬। উপরোক্ত শর্তাবলির কোনো অংশ প্রচলিত কোনো আইন বা বিধিমালার সহিত সাংঘর্ষিক হইলে, সংশ্লিষ্ট অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হামিদা চৌধুরী
যুগ্ম সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd